



স্মারক নং- বেরোবি/রেজি:/

তারিখঃ ০৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

কোটাভুক্ত (FFQ-C/FFQ-G, HDQ, PDQ, SEQ, WQ) শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি (শিক্ষাবর্ষ: ২০২২-২৩)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ২৩-০৭-২০২৩ হতে ২৫-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত কোটার সাক্ষাৎকারে উপস্থিত শিক্ষার্থীদের আসনভিত্তিক বিষয় বরাদ্দের ২য় তালিকা আগামী ০৯ আগস্ট ২০২৩ তারিখে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এ প্রকাশিত হবে। শিক্ষার্থীগণ স্ব-স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে GST ওয়েবসাইট-এ লগইন করে তাদের বিষয় বরাদ্দের ফলাফল দেখতে পাবেন।

ভর্তিচ্ছুদেরকে আগামী ০৯ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১০ আগস্ট ২০২৩ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>) -এ লগইন করে প্রাথমিক ভর্তি ফি প্রদান করতে হবে এবং আগামী ১০ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে বিষয় বরাদ্দপ্রাপ্ত সংশ্লিষ্ট বিভাগে কোটাভিত্তিক নিম্নোক্ত কাগজপত্রাদি জমাদানের মাধ্যমে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমা প্রদান না করলে তাদের প্রাথমিক ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বিভিন্ন কোটায় যে সব কাগজপত্র জমা দিতে হবে:

১। এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের মূল নম্বরপত্র।

মুক্তিযোদ্ধা কোটা - FFQ [FFQ-C এবং FFQ-G]:

২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র ফটোকপি।

৩। মুক্তিযোদ্ধার মূল সনদপত্র (প্রার্থীর পিতা/মাতার) ফটোকপি।

৪। মুক্তিযোদ্ধার নাতি/নাতনীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রার্থীর পিতা ও মাতার এস.এস.সি পাশের সনদ (যদি থাকে)/জন্ম নিবন্ধনের ফটোকপি।

৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা/কমান্ডার কর্তৃক প্রদত্ত উত্তরাধিকার সনদপত্রের ফটোকপি।

প্রতিবন্ধী কোটা (PDQ):

২। সিভিল সার্জন/সমাজসেবা অফিসার/উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধীর সনদপত্রের ফটোকপি।

পোষ্য কোটা (WQ):

২। পোষ্য কোটাভুক্ত পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের (বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত পিতা/মাতার অনুকূলে) ফটোকপি।

৩। পিতা/মাতার অফিসিয়াল আই.ডি কার্ড-এর ফটোকপি।

স্কুদ্র নৃ-গোষ্ঠী ও দলিত কোটা (SEQ) & (HDQ) :

২। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রত্যয়নপত্রের ফটোকপি।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

সদস্য-সচিব

ভর্তি কমিটি

২০২২-২৩ শিক্ষাবর্ষ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।